

চাকা বলে দেয়া নিয়ে আজ সিন্ডিকেট সভা

কলেজগুলো আজ খুলছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও ভর্তি পরীক্ষার ব্যাপারে আলোচনার জন্য আজ শনিবার সন্ধ্যায় সিন্ডিকেটের বৈঠক ডাকা হয়েছে। এর আগে আজ সকালে উন্নয়ন কমিটির সভায় এ বিষয়ে শিক্ষকদের মতামত গ্রহণ করা হবে। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এস এম এ ফাতেমাহ এর আগে সাংবাদিকদের জ্ঞানিয়েছিলেন, উন্নয়ন কমিটির সভায় বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে উন্নয়ন কমিটির মাধ্যমে শিক্ষকদের মতামত গ্রহণ করা হবে। সিন্ডিকেটের সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হবে। পৃষ্ঠা ২৪ ক ৪৭

কলেজগুলো আজ খুলছে

প্রথম পৃষ্ঠার পর

প্রসঙ্গত, ২২ আগস্ট বিকালে সরকার এক আদেশে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের ২৬টি পাবলিক বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে। এদিকে সরকার দেশের বন্ধ ঘোষিত ২৬টি পাবলিক বিশ্ববিদ্যালয় খোলার জন্য স্ব-স্ব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সিদ্ধান্ত নেবার ক্ষমতা প্রদান করেছে। বসজানের আগেই যাতে এসব বিশ্ববিদ্যালয় খেলা সক্ষম হয় সেজন্য বিশ্ববিদ্যালয়গুলোর সিন্ডিকেট প্রয়োজনীয় সিদ্ধান্ত নেবে। অপরাধিক জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বিভাগীয় শহরগুলোর সরকারী কলেজ ও বিশ্ববিদ্যালয় কলেজগুলো আজ (শনিবার) থেকে খুলে দেয়া হচ্ছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অগামী সোমবার খুলে দেয়ার উদ্দেশ্যে আজ থেকে এর আঞ্চলিক ইনস্টিটিউট খোলা হচ্ছে। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েও আজ থেকে ক্লাস শুরু হবে।